

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২১৪৪
আগরতলা, ১১ ডিসেম্বর, ২০২৪

ধলাই জেলায় ক্লাবফুট সনাত্ত শিশুর চিকিৎসার উদ্যোগ



জন্মগতভাবে শারীরিক ত্রুটিপূর্ণ শিশুকে সনাত্তকরণের পাশাপাশি চিকিৎসার উদ্যোগ গ্রহণ করা হয়েছে ধলাইয়ে। ধলাই জেলার কুলাইস্থিত দক্ষিণ কেকমাছড়ার বাসিন্দা সুরজিৎ বৈদ্যের পুত্র সন্তানের গত ৬ নভেম্বর, ২০২৪ আগরতলাস্থিত একটি বেসরকারি নার্সিং হোমে জন্ম হয়। এই ফুটফুটে শিশুটির পিতা মাতা তার নাম রেখেছেন ধীশান বৈদ্য। কিন্তু জন্মের পরেই তার জন্মগত ক্লাবফুট জনিত ত্রুটি দেখা আমবাসা রাষ্ট্রীয় বাল স্বাস্থ্য কার্যক্রমের মোবাইল হেলথ টিম এই শিশুটির সম্পর্কে তথ্য পেয়ে ধলাই ডিস্ট্রিক্ট আর্লি ইন্টারভেনশন সেন্টারে (ডিইআইসি) তাকে রেফার করা হয়। তারা গত ১২ নভেম্বর, ২০২৪ তারিখে প্রাথমিক পরীক্ষা নিরীক্ষা করার জন্য ধলাই ডিস্ট্রিক্ট আর্লি ইন্টারভেনশন সেন্টারে (ডিইআইসি) এসেছিলেন এবং শিশুটির গত ৩ ডিসেম্বর, ২০২৪ থেকে ক্লাবফুটের চিকিৎসার জন্য কাস্টিং প্রক্রিয়াটি শুরু হয়েছে। পরবর্তী পর্যায়ে শিশুটিকে সম্পূর্ণ বিনামূল্যে ব্রেস জুতা প্রদান করা হবে। এই কর্মসূচিতে উপস্থিত ছিলেন ধলাই জেলার রাষ্ট্রীয় বাল স্বাস্থ্য কার্যক্রমের মেডিক্যাল অফিসার ডাঃ তবিরাম দেববর্মা, ডিইআইসি এর ফিজিওথেরাপিস্ট লিটন কলই, সালেমা আরবিএসকের ফার্মাসিস্ট প্রীতম দত্ত। পরিবার কল্যাণ ও রোগ প্রতিরোধক দপ্তর থেকে এক প্রেস রিলিজে এই সংবাদ জানানো হয়েছে।
